(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন

কার্যক্রম বিভাগ

নং- ২০.০৬.০০০০.৬১৭.১৪.২৫৩.২২.১১১

তারিখঃ ২৯ কার্তিক, ১৪৩০ / ১৪ নভেম্বর, ২০২৩

বিষয়ঃ বিনিয়োগ প্রকল্প যাচাই (Assessment) এর ক্ষেত্রে Ministry Assessment Format (MAF) ব্যবহার সংক্রান্ত

সূত্রঃ পরিকল্পনা বিভাগের পত্র নং- ২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০(অংশ-২).৮৮; তারিখঃ ২৯.০৩.২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২ জুন, ২০২২ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা'-র অনুচ্ছেদ নং ১.৯ অনুযায়ী সরকারি খাতে বিনিয়োগ ব্যবস্থাপনা আরো শক্তিশালী ও ফলপ্রসূ করার লক্ষ্যে কার্যক্রম বিভাগ কর্তৃক প্রণীত ৪টি পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট (পিআইএম) টুলস্ (Ministry Assessment Format, Sector Appraisal Format, Sector Strategy Paper এবং Multi Year Public Investment Programme) ২টি পাইলট সেক্টরে ('বিদ্যুৎ ও জ্বালানি' এবং 'স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন') ব্যবহারের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার অনুবৃত্তিক্রমে সকল অর্থনৈতিক সেক্টরের (১৫টি সেক্টর) প্রকল্প যাচাইয়ের জন্য মন্ত্রণালয়/বিভাগে Ministry Assessment Format (MAF) এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ সমূহে প্রকল্প মূল্যায়নের জন্য Sector Appraisal Format (SAF) ব্যবহারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ হতে ২৯ মার্চ, ২০২৩ তারিখে এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে। এ প্রেক্ষিতে কার্যক্রম বিভাগ হতে সকল মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ও উন্নয়ন সংশ্লিষ্ট কর্মকর্তাদের MAF এর ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা -২০২২' এর আলোকে প্রস্তুতকৃত Ministry Assessment Format (MAF) সকল মন্ত্রণালয়/বিভাগে নতুন বিনিয়োগ প্রকল্প যাচাইয়ের ক্ষেত্রে ব্যবহারের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তি: MAF এর কপি**

09.02.2024

(মিথুন পাল দ্বীপ)
গবেষণা কর্মকর্তা
ফোন: ৯১৮০৬৬২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
৪. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা
৯. সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা
১০. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল বা/এ, ঢাকা
১৪. সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
১৬. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
১৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(পূর্ব পৃষ্ঠার পর)

২০. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা
২১. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
২৬. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৯. সচিব, দুর্নীতি দমন কমিশন, ১ সেগুন বাগিচা, ঢাকা
৩০. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা
৩২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
৩৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩৯. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪৫. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৪৬. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪৯. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫০. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৫. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
৫৬. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সদস্য মহোদয়ের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
২. সদস্য মহোদয়ের একান্ত সচিব, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩. সদস্য মহোদয়ের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪. সদস্য মহোদয়ের একান্ত সচিব, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫. সদস্য (কার্যক্রম) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(ফরমেটটি পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৭. প্রধান (কার্যক্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৮. যুগ্মপ্রধান (পিআইএম রিফর্ম এবং শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা
৯. উপপ্রধান (পিআইএম রিফর্ম এবং শিল্প ও শক্তি) এর ব্যক্তিগত কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা
১০. অফিস কপি

# সেক্টর মূল্যায়ন ফরমেট
# (SAF)

কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এপ্রিল ২০২৩

# সেক্টর মূল্যায়ন ফরমেট
# (SAF)

কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এপ্রিল ২০২৩

**প্রকাশক**

কার্যক্রম বিভাগ
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

প্রথম প্রকাশিত: এপ্রিল ২০২৩

কপিরাইট @ কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, ২০২৩

বিশেষ দ্রষ্টব্য:

বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ওয়েবসাইটে ফরমেটটি পাওয়া যাবে: http://www.plancomm.gov.bd/

*প্রচ্ছদ নকশা*

১. জাইকা বিশেষজ্ঞ দল (JET), SPIMS প্রকল্প

# মুখবন্ধ

“সরকারি  খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা” ২০২২ অনুকরণে মন্ত্রণালয় যাচাই ফরমেট (MAF) ও সেক্টর মূল্যায়ন ফরমেট (SAF) সকল মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনে ব্যবহারের জন্য প্রণয়ন খুবই গুরুত্বপূর্ণ।

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের উদ্যোগে জাপান আন্তর্জাতিক সহায়তা সংস্থার (JICA) সহযোগিতায় বাস্তবায়নাধীন Strengthening Public Investment Management System (SPIMS) Project এর আওতায় MAF ও SAF প্রণয়ন করা হয়।

৭ম ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার নীতি ও দিক নির্দেশনার আলোকে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা শক্তিশালীকরণের লক্ষ্যে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ ও পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প যাচাই ও মূল্যায়ন একটি স্বীকৃত ও প্রমিত মানে উন্নিত করার নিমিত্ত MAF ও SAF প্রণয়ন করা হয়েছে। Organization for Economic Co-operation and Development (OECD) এর Development Assistance Committee (DAC) দ্বারা সুপারিশকৃত প্রকল্প মূল্যায়নের আন্তর্জাতিক মানদন্ডসমূহ MAF ও SAF এ অন্তর্ভূক্ত করা হয়েছে। আশা করা যাচ্ছে যে, MAF ও SAF ব্যবহারের মাধ্যমে উন্নয়ন প্রকল্পসমূহের মান এবং প্রকল্প প্রক্রিয়াকরণের দক্ষতা উন্নত হবে যা বাংলাদেশকে বর্তমান মধ্যম-আয়ের দেশ হতে ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশে উন্নীত হওয়ার প্রক্রিয়া সংহত ও দৃঢ় করবে।

MAF ও SAF “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি, ২০১৬” সংক্রান্ত পরিকল্পনা বিভাগের পরিপত্র এর সাথে সম্পূর্ণ সামঞ্জস্য রেখে প্রণয়ন করা হয়। সম্প্রতি পরিকল্পনা বিভাগের (যা সাধারণভাবে গ্রিনবুক ২০২২ নামে অভিহিত) সংশোধিত পরিপত্রের আলোকে MAF ও SAF সংশোধন করা হয়েছে।

কার্যকরভাবে MAF ও SAF ব্যবহারের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণের দক্ষতা উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ প্রয়োজন মিটানোর জন্য SPIMS প্রকল্প ২ টি পাইলট সেক্টরের আওতাধীন (বিদ্যুৎ ও জ্বালানী এবং স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন) মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের জন্য প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করছে। এছাড়া MAF ও SAF এর জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ (Training of Trainers- ToT) কর্মসূচি সম্পন্ন করা হয়েছে।

পরিকল্পনা বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল সেক্টর বিভাগে যথাক্রমে প্রকল্প যাচাই ও মূল্যায়নের ক্ষেত্রে MAF ও SAF ব্যবহারের জন্য নির্দেশনা জারি করা হয়েছে। এখন থেকে সকল মন্ত্রণালয়/বিভাগ ও পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ প্রকল্প যাচাই ও মূল্যায়নের জন্য যথাক্রমে MAF ও SAF ব্যবহার করবে।

আশা করা যায়, MAF ও SAF সরকারি বিনিয়োগ প্রকল্প যাচাই ও মূল্যায়ন কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখবে এবং একইসাথে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনায় ইতিবাচক ফলাফল অর্জন করবে। এই কার্যক্রম টেকসইকরণের লক্ষ্যে, সরকারের বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সহযোগিতায় MAF ও SAF প্রশিক্ষণ কর্মসূচি সকল সেক্টরে সম্প্রসারণ করার জন্য কার্যক্রম বিভাগ উদ্যোগ গ্রহণ করেছে।

# সেক্টর মূল্যায়ন ফরমেট (SAF)
## সেক্টর মূল্যায়ন প্রতিবেদনের ফরমেট

**নির্দেশনাঃ**

[ডিপিপি প্রাপ্তির পর]

মন্ত্রণালয়/ বিভাগ থেকে ডিপিপি প্রাপ্তির পর পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন কর্তৃক এই ফরম্যাটের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির উপর ভিত্তি করে ডেস্ক কর্মকর্তা প্রকল্প মূল্যায়ন কমিটির (PEC) সভার কার্যপত্র প্রণয়ন করবেন।

সভার কার্যপত্র ও পূরণকৃত SAF মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন করা হবে।

প্রস্তুতি যাচাই
(অংশ-১) প্রকল্পের মৌলিক তথ্যাদি (লজিক্যাল ফ্রেমওয়ার্ক ও ব্যয়-আয় বিশ্লেষণ পুনঃনিরীক্ষণ)
(অংশ-২) সেক্টর পরিকল্পনা ও বাজেটে অর্থ সংস্থানের প্রাসঙ্গিকতা
(অংশ-৩) প্রকল্প বাস্তবায়নকালে ও পরিচালনার সময় জনবলের প্রাসঙ্গিকতা
(অংশ-৪) ব্যয় প্রাক্কলনের প্রাসঙ্গিকতা
(অংশ-৫) মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সম্পাদিত যাচাই এর ফলাফল পুনঃনিরীক্ষণ (মূল্যায়নের মানদন্ড পুনঃনিরীক্ষণ)

[পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তির পর]

১. পুনর্গঠিত ডিপিপি মূল্যায়নের জন্য প্রকল্প মূল্যায়ন কমিটির সভা করা প্রয়োজন হলে, ডেস্ক কর্মকর্তা SAF ব্যবহার করে পুনর্গঠিত ডিপিপি পরীক্ষা করবেন।
২. চেক সিট (Check Sheet) ব্যবহার করে ডিপিপি মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠানের প্রয়োজন না হলে, ডেস্ক কর্মকর্তা এই মর্মে নিশ্চিত করবেন যে SAF এর প্রাসঙ্গিক মন্তব্যের আলোকে বিগত মূল্যায়ন কমিটির সিদ্ধান্তসমূহ পুনর্গঠিত ডিপিপিতে প্রতিফলিত হয়েছে।

[ডিপিপি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণের সময়]

[প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকার উর্ধ্বে, এমন বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে] ডিপিপির সাথে 'একনেক সভার বিবেচনার জন্য প্রকল্পের সার-সংক্ষেপ (সংযোজনী-য, পৃষ্ঠা ২২৫-২২৬, গ্রিনবুক ২০২২)'-এর 'পিইসি সভার তারিখ ও সুপারিশ' অংশের সংযুক্তি হিসেবে SAF- এর উপর ভিত্তি করে প্রস্তুতকৃত পিইসি সভার কার্যপত্র/প্রেজেন্টেশন পেপার, পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করতে হবে।

[প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকা বা এর নিচে, এমন বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে] ডিপিপির সাথে 'মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক বিনিয়োগ প্রকল্প অনুমোদনের জন্য সার-সংক্ষেপ (সংযোজনী-র, পৃষ্ঠা ২২৭-২২৮, গ্রিনবুক ২০২২)'-এর 'পিইসি সভার তারিখ ও সুপারিশ' অংশের সংযুক্তি হিসেবে SAF- এর উপর ভিত্তি করে প্রস্তুতকৃত পিইসি সভার কার্যপত্র/প্রেজেন্টেশন পেপার, মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রীর দপ্তরে প্রেরণ করতে হবে।

[নোট] এই ফরমেটটিতে পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র 'উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা' (স্মারক নং- ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ ১)/১৩৩, তারিখ- ১২ জুন ২০২২) (এখন থেকে যা "গ্রিনবুক ২০২২" নামে অভিহিত হবে) এর উপর ভিত্তি করে মূল উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) যাচাই এর মানদন্ডের রূপরেখা দেওয়া হয়েছে।

প্রকল্পের নাম: ____________________
ডিপিপি প্রণয়নে দায়িত্বপ্রাপ্ত সংস্থার কর্মকর্তা/কর্মকর্তাদের স্বাক্ষরের তারিখ: ____________________
ডিপিপিতে সংস্থা প্রধানের স্বাক্ষরের তারিখ: ____________________
মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিপিপি সুপারিশের তারিখ: ____________________
পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনে ডিপিপি প্রেরণের তারিখ: ____________________
পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনে ডিপিপি প্রাপ্তির তারিখ: ____________________
ডেস্ক কর্মকর্তা কর্তৃক ডিপিপি প্রাপ্তির তারিখ: ____________________

মূল্যায়নের ফল পুনঃনিরীক্ষণ ও সেক্টর কর্তৃক মূল্যায়নের (PEC Preparation) Track Record.

| তারিখ | যে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে | পরবর্তী অনুসরণীয় কার্যক্রম |
|---|---|---|
| | প্রকল্প মূল্যায়ন শুরু করা হয়েছে | |
| | প্রকল্প মূল্যায়ন কমিটির জন্য কার্যপত্র প্রণয়ন করা হয়েছে | |
| | প্রকল্প মূল্যায়ন কমিটি সভা অনুষ্ঠিত হয়েছে | |
| | প্রকল্প মূল্যায়ন কমিটি সভার কার্যবিবরণী জারি ও বিতরণ করা হয়েছে | |
| | প্রযোজ্য ক্ষেত্রে, ব্যয় যুক্তিযুক্তকরণ সংক্রান্ত মতামত গ্রহণ করা হয়েছে | |
| | সেক্টর ডিভিশনে মন্ত্রণালয়/বিভাগ হতে পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তি | |
| | ডেস্ক কর্মকর্তা কর্তৃক পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তি | |
| | সেক্টর ডিভিশন কর্তৃক চেক সিট ব্যবহার করে পুনর্গঠিত ডিপিপি মূল্যায়ন সমাপ্ত হয়েছে | |

চেক সিট ব্যবহার করে পুনর্গঠিত DPP ডেস্ক কর্মকর্তা কর্তৃক নিশ্চিতকরণ: ____________________
সভাপতি, পিইসি কর্তৃক ডিপিপি সুপারিশের তারিখ: ____________________
এনইসি-একনেক ও সমন্বয় শাখা, পরিকল্পনা বিভগে ডিপিপি প্রেরণের তারিখ: ____________________

## প্রস্তুতি যাচাই

### কঃ সেক্টর ডিভিশন

### ১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি / সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি

| |
|---|
| ক. গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক অনুচ্ছেদসমূহ |
| অনুচ্ছেদ ২১.৫- পরিকল্পনা কমিশনের সদস্য (কার্যক্রম বিভাগ)-এর আহ্বায়কত্বে গঠিত আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি (সংযোজনী-ম) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাই ও অগ্রাধিকার নির্ধারণপূর্বক বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ করবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা হবে। তবে বিশেষ প্রয়োজনে বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত কোন নতুন অননুমোদিত প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হলে আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভা আহ্বান করে উক্ত কমিটির সুপারিশসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। |
| খ. তথ্য সূত্র |
| - সর্বশেষ বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকা (সবুজ পাতা) |

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভূক্ত কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ (ঘ তে যান) | ☐ না (খ-১ এ যান) |
| খ-১) প্রকল্পটি আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভা কর্তৃক সুপারিশকৃত হয়েছে কি এবং প্রক্রিয়াকরণের প্রস্তাব মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করেছেন কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ (খ-২ এ যান) | ☐ না (মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে) |
| খ-২) যদি খ-১ এর উত্তর হ্যাঁ হয় তাহলে, অনুমোদন পত্র ডিপিপির সাথে সংযুক্ত করা হয়েছে কি? | |
| ☐ হ্যাঁ (গ তে যান এবং তারিখ ও সংযুক্তি নং উল্লেখ করুন) | ☐ না (অনুমোদন পত্র সংযুক্ত করুন) |
| গ) অনুমোদনের তারিখ: | সংযুক্তি নং: |
| ঘ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

### ২. প্রকল্প যাচাই কমিটি

| |
|---|
| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
| অনুচ্ছেদ ১.৯- সরকারি খাতে বিনিয়োগ ব্যবস্থাপনা আরো শক্তিশালী ও ফলপ্রসূ করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক প্রণীত পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট (পিআইএম) টুলস ব্যবহারের বিষয়ে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ হতে জারিকৃত নির্দেশনা (সংযোজনী-ঈ) অনুসরণ করতে হবে।<br><br>অনুচ্ছেদ ২.৩- উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা উপরে বর্ণিত (অনুচ্ছেদ ২.১ এবং ২.২) বিষয়সমূহ বিবেচনায় রেখে বিস্তারিত পরীক্ষান্তে মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের সভাপতিত্বে প্রকল্প যাচাই কমিটির (Project Scrutiny Committee) (সংযোজনী-দ) সভা আয়োজন করবে। উক্ত সভায় উপরে বর্ণিত বিষয়সমূহ পর্যালোচনা করে প্রকল্পটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে যাচাই কমিটির সুপারিশ অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনে প্রকল্প প্রস্তাব (ডিপিপি) পুনর্গঠন করবে। যাচাই কমিটির সভার কার্যবিবরণী (চেকলিস্টসহ) ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।<br><br>অনুচ্ছেদ ২.৪- প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে বাস্তবায়নকারী সংস্থা হতে পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ২০ (বিশ) কপি ডিপিপি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করবে।<br><br>অনুচ্ছেদ ৩.১.৩- পরিকল্পনা কমিশনে প্রকল্প প্রক্রিয়াকরণকালে প্রকল্পটির ওপর সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষা ও তার সুপারিশ, কারিগরি কমিটির সুপারিশ, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের যাচাই কমিটির সুপারিশ, পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে ওয়ারপো-এর ছাড়পত্র/অনাপত্তি, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রসহ প্রযোজ্য অন্যান্য ছাড়পত্র/অনাপত্তি, পর্যায়ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে পূর্বের প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন এবং অন্যান্য সমীক্ষা ও মূল্যায়ন প্রতিবেদনের মতামত/সুপারিশ (যথা প্রযোজ্য) বিবেচনায় নিতে হবে। |
| খ. ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ |
| • সংযুক্তি: প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্তের ফলাফল পুনর্গঠিত ডিপিপিতে অন্তর্ভুক্তকরণ<br>• সংযুক্তি: প্রকল্প যাচাই কমিটি সভার সিদ্ধান্ত<br>• সংযুক্তি: প্রকল্প যাচাই কমিটি সভার কার্যপত্র<br>• সংযুক্তি: পূরণকৃত MAF/MAR (Ministry Assessment Report) এবং চেক সিট |

| ক) প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
|---|---|
| ☐ হ্যাঁ (খ তে যান এবং সভার তারিখ উল্লেখ করুন) | ☐ না (ডিপিপি মন্ত্রণালয়/বিভাগে ফেরৎ পাঠান এবং গ তে যান) |
| সভার তারিখ: | |
| খ) সভার কার্যবিবরণী, কার্যপত্র ও পূরণকৃত MAF ডিপিপির সাথে সংযুক্ত করা হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ (গ তে যান) (সংযুক্তি নং উল্লেখ করুন) | ☐ না (কার্যবিবরণী, কার্যপত্র ও পূরণকৃত MAF ডিপিপির সাথে সংযুক্ত করুন) |
| সংযুক্তি: (সভার কার্যবিবরণী) | সংযুক্তি: (সভার কার্যপত্র) |
| সংযুক্তি: (পূরণকৃত MAF) | সংযুক্তি: (সিদ্ধান্ত অন্তর্ভুক্তকরণের ফলাফল) |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

### ৩. আন্তঃমন্ত্রণালয় সভা

| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ৩.১.১ (১)- একাধিক মন্ত্রণালয়/বিভাগ অথবা পরিকল্পনা কমিশনের একাধিক সেক্টরের সম্পৃক্ততা থাকলে কিংবা জাতীয় গুরুত্বপূর্ণ বৃহৎ প্রকল্পের বিষয়ে পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টরের মধ্যে সমন্বয় করতে হবে। এ ধরনের প্রকল্প প্রস্তাব বিবেচনার জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট লিড সেক্টরের উদ্যোগে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট অন্যান্য সেক্টরকে নিয়ে পিইসি সভার পূর্বে আন্তঃমন্ত্রণালয় সভায় আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ধরনের প্রকল্পের বিষয়ে প্রয়োজনে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগের সদস্যদের নিয়ে আলোচনা করতে পারবেন। |
| খ. ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ |
| • ২.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ<br>• ২.২ বাস্তবায়নকারী সংস্থা<br>• ২.৩ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর<br>• ৩. উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা<br>• ২৮.২ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের সরকারি কার্যবন্টন (Allocation of Business) এর সাথে সামঞ্জস্যতা<br>• সংযুক্তি: আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী<br>• সংযুক্তি: আন্তঃমন্ত্রণালয় সভার কার্যপত্র<br>• [প্রযোজ্য ক্ষেত্রে] সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৮- প্রাতিষ্ঠানিক ও আইনগত বিশ্লেষণ |

| ক) প্রস্তাবিত প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্য কি একাধিক সেক্টরের সাথে সম্পৃক্ত? (☐ বক্সটিতে টিক দিন) | |
|---|---|
| ☐ হ্যাঁ (খ-১ এ যান) | ☐ না (গ তে যান) |
| খ-১) প্রকল্প মূল্যায়ন কমিটির সভার পূর্বে কি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছিল? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ (খ-২ এ যান) | ☐ না (আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান করুন) |
| খ-২) যদি খ-১ এর উত্তর হ্যাঁ হয় তাহলে, সভার কার্যবিবরণী ও কার্যপত্র ডিপিপিতে সংযুক্ত করা হয়েছে কি? | |
| ☐ হ্যাঁ (গ তে যান এবং সংযুক্তি নং উল্লেখ করুন) | ☐ না (সভার কার্যবিবরণী ও কার্যপত্র সংযুক্ত করুন) |
| সংযুক্তি: (সভার কার্যবিবরণী) | সংযুক্তি: (সভার কার্যপত্র) |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

## খ) প্রস্তুতি যাচাই নিশ্চিতকরণ

## খ-১ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রকল্প প্রণয়ন প্রক্রিয়া অনুসরণ

### ১. সংস্থার কমিটি কর্তৃক পরীক্ষাঃ

| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ২.১- বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রণীত প্রকল্প প্রস্তাব (ডিপিপি) সংস্থা পর্যায়ে সংস্থা প্রধানের সভাপতিত্বে কারিগরি বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা করে চূড়ান্ত প্রকল্প প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। প্রকল্প প্রস্তাব পরীক্ষার জন্য প্রয়োজনে অধিদপ্তর/দপ্তর/সংস্থা পর্যায়ে কারিগরি সাব-কমিটি গঠন করতে হবে। |
| খ. ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ |
| • ডিপিপির সংযুক্তি |

**MAF এর ফলাফল (এই বাক্সের তথ্য MAF চেক সিট বা পুনর্গঠিত MAF থেকে পূরণ করতে হবে)**

| | |
|---|---|
| ক) ডিপিপি পরিক্ষা করার জন্য কারিগরি বিশেষজ্ঞ সমন্বয়ে ও সংস্থা প্রধানের সভাপতিত্বে কমিটি গঠিত হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (খ-১ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে। |
| খ-১) প্রকল্পের ডিপিপি সংস্থা কর্তৃক পরীক্ষা ও চূড়ান্ত করা হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (খ-২ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে। |
| খ-২) কমিটির সিদ্ধান্ত গ্রহণের তারিখ | |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| গ) মন্তব্য ও পরামর্শ | |

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| খ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

## ২. সম্ভাব্যতা সমীক্ষা (ডিপিপি আইটেম ১৭.)

ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ

অনুচ্ছেদ ১.১.২- সম্ভাব্যতা সমীক্ষা: ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ, নিরপেক্ষ ও পেশাদারি প্রতিষ্ঠান/ব্যক্তি পরামর্শক কর্তৃক আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত ছকে (সংযোজনী-ক/খ) সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রণয়ন করতে হবে। প্রতিবেদনের সুপারিশ ও গুরুত্বপূর্ণ অংশ (নির্বাহী সার-সংক্ষেপ, ব্যয় প্রাক্কলন, ডিজাইন/কনসেপচুয়াল ডিজাইন ইত্যাদি) প্রকল্প প্রস্তাবের (ডিপিপি) সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রকল্পের গুরুত্ব/প্রকৃতি বিবেচনায় ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে।

অনুচ্ছেদ ৩.১.৩- পরিকল্পনা কমিশনে প্রকল্প প্রক্রিয়াকরণকালে প্রকল্পটির ওপর সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষা ও তার সুপারিশ, কারিগরি কমিটির সুপারিশ, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের যাচাই কমিটির সুপারিশ, পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে ওয়ারপো-এর ছাড়পত্র/অনাপত্তি, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রসহ প্রযোজ্য অন্যান্য ছাড়পত্র/অনাপত্তি, পর্যায়ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে পূর্বের প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন এবং অন্যান্য সমীক্ষা ও মূল্যায়ন প্রতিবেদনের মতামত/সুপারিশ (যথাপ্রযোজ্য) বিবেচনায় নিতে হবে।

খ. ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ

- ১৭. এই প্রকল্প প্রণয়নের পূর্বে কোন সম্ভাব্যতা সমীক্ষা/প্রি-এপ্রেইজাল/প্রাক-বিনিয়োগ সমীক্ষা করা হয়েছিল কি?
- সংযুক্তি: সমীক্ষায় প্রাপ্ত তথ্যাদি ও সুপারিশের সারাংশ
- MAF: অনুসরণ চেক ক-২

**MAF এর ফলাফল (এই বাক্সের তথ্য MAF চেক সিট বা পুনর্গঠিত MAF থেকে পূরণ করতে হবে)**

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পের ব্যয় কি ৫০ কোটি টাকার উর্ধ্বে? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (খ-১ এ যান) | ☐ না হলে, গ তে যান |
| খ-১) সম্ভাব্যতা সমীক্ষা প্রণয়ন করা হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (খ-২ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে। |
| খ-২) বাস্তবায়নকারী সংস্থার কারিগরি কমিটি কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা গ্রহণের তারিখ | |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| খ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

## ৩. বৈদেশিক অর্থায়নঃ অনুদান/ঋণ (প্রযোজ্য ক্ষেত্রে)

| |
|---|
| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
| অনুচ্ছেদ ৭.১- বিনিয়োগ/কারিগরি সহায়তা প্রকল্পের জন্য বৈদেশিক অর্থায়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছকে (পিডিপিপি) (সংযোজনী-ড) প্রস্তাব প্রণয়ন করে যুগপৎ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগে প্রেরণ করবে। ব্যয় নির্বিশেষে প্রণীত এ ধরনের প্রস্তাব প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ প্রকল্প প্রস্তাবের গ্রহণযোগ্যতা সম্পর্কে মতামত চূড়ান্ত করবে এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে মতামত/নীতিগত অনুমোদনসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডিতে প্রেরণ করবে এবং উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে। |
| খ. ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ |
| • ৬.১ অর্থায়নের ধরন ও উৎস<br>• সংযুক্তি: অনুমোদিত পিডিপিপি<br>• সংযুক্তি: পিডিপিপির অনুমোদন পত্র<br>• MAF: অনুসরণ চেক ক-৩ |

**MAF এর ফলাফল (এই বাক্সের তথ্য MAF চেক সিট বা পুনর্গঠিত MAF থেকে পূরণ করতে হবে)**

| | | | |
|---|---|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি সম্পূর্ণ বা আংশিক বৈদেশিক অর্থ দ্বারা অর্থায়িত (অনুদান/ঋণ)? (☐ বক্সটিতে টিক দিন ) | | | |
| ☐ হ্যাঁ হলে (➔ খ-১ এ যান) | | ☐ না হলে (➔ ঘ তে যান) | |
| খ-১) প্রকল্পের প্রাথমিক ডিপিপি (পিডিপিপি) অনুমোদিত হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | | | |
| ☐ হ্যাঁ হলে (➔ খ-২ এ যান) | | ☐ না হলে (➔ গ তে যান) | |
| খ-২) অনুমোদনের তারিখ ও ডিপিপির সংযোজনী নং উল্লেখ করুন | | | |
| অনুমোদনের তারিখ (দিন/মাস/বছর): | | সংযুক্তি নং: | |
| গ) উন্নয়ন অংশীদারদের সাথে স্বাক্ষরিত অনুদান/ঋণচুক্তি/সমঝোতা স্মারক/অনুমোদন প্রতিবেদন অথবা অন্যান্য সংশ্লিষ্ট দলিলপত্র ডিপিপির সাথে সংযুক্ত করা হয়েছে কি? | | | |
| ☐ হ্যাঁ | সংযুক্তি নং: | পৃষ্ঠা নং: | ☑ সংযুক্ত করা হয়নি (➔ ঘ তে যান) |
| ঘ) মন্তব্য ও পরামর্শ | | | |
| | | | |

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| খ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

[নোট] যে সকল প্রকল্পে বৈদেশিক অর্থায়ন জড়িত সেগুলো দ্রুত ও অগ্রাধিকার ভিত্তিতে প্রক্রিয়াকরণ করতে হবে।

অতিরিক্ত তথ্য সুত্র:

| |
|---|
| অনুচ্ছেদ ১.১৭- কোন প্রকল্পে বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে অগ্রাধিকারভিত্তিতে দ্রুততার সাথে প্রক্রিয়াকরণ করতে হবে। উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক প্রকল্পের এপ্রেইজালের (Appraisal) সময়ই এ ধরনের প্রকল্পের ডিপিপি/টিএপিপি প্রণয়ন করতে হবে যেন পরবর্তীতে নেগোসিয়েশনসহ ঋণ/অনুদান চুক্তি স্বাক্ষরের সময় কিংবা এর পূর্বেই ডিপিপি/টিএপিপি অনুমোদনসহ অন্যান্য প্রটোকল চূড়ান্ত করা যায়। |

## ৪. [প্রযোজ্য ক্ষেত্রে]: সরকারি মালিকানাধীন/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রকল্পসমূহ (ডিপিপি আইটেম ৬.)

| |
|---|
| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
| অনুচ্ছেদ ১.৭.১- রাষ্ট্রীয় মালিকানাধীন/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রকল্পের ক্ষেত্রে জিওবি থেকে অর্থায়নের প্রয়োজন হলে অর্থায়নের প্রকৃতি (অনুদান/ঋণ/ইক্যুইটি) নির্ধারণে অর্থ বিভাগের পূর্ব সম্মতি নিতে হবে। উল্লেখ্য, এ বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নির্দেশনা/সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে উল্লেখ করতে হবে।<br>অনুচ্ছেদ ৩.১.১ (৪)- যে সকল রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত সংস্থাকে আত্মনির্ভরশীল হওয়ার জন্য সরকার কর্তৃক আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে সে সকল সংস্থা কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প বিবেচনার সময় উক্ত সংস্থাকে এ পর্যন্ত কী পরিমাণ সহায়তা প্রদান করা হয়েছে, তার বর্তমান অবস্থা এবং ভবিষ্যতে আরও কী পরিমাণ সহায়তার প্রয়োজন হতে পারে ইত্যাদি বিষয়ে সামগ্রিক চিত্র বিশদভাবে পরীক্ষা করতে হবে।<br>অনুচ্ছেদ ১১.১.১- স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের উদ্বৃত্ত সম্পদ উন্নয়ন প্রকল্পে বিনিয়োগ করা যাবে। এক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ এবং বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ উপরোল্লিখিত উদ্বৃত্ত সম্পদের সাথে উন্নয়ন প্রকল্প গ্রহণে বিনিয়োগ করা যাবে। স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের উদ্বৃত্ত সম্পদ বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নীতিমালা অথবা এর ধারাবাহিকতায় পরবর্তীতে এ সংক্রান্ত জারিকৃত পরিপত্র অনুসরণ করে অর্থ বিভাগের মনিটরিং সেল থেকে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের প্রকল্পের ক্ষেত্রে অর্থ বিভাগ থেকে প্রকাশিত 'স্থানীয়/বৈদেশিক মুদ্রার ঋণের লগ্নী এবং পুনঃলগ্নীর শর্তাবলী' যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

| |
|---|
| অনুচ্ছেদ ১২.১- স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের (প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ এবং বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থসহ) সাথে অন্য কোন উৎস হতে প্রাপ্ত/সংগৃহীত অর্থ (যেমন: বাংলাদেশ সরকার বা উন্নয়ন সহযোগীর নিকট থেকে সংগৃহীত ঋণ বা অনুদান, প্রকল্প সুবিধাভোগীদের নিকট থেকে সংগৃহীত অর্থ/শেয়ারের মাধ্যমে সংগৃহীত অর্থ, সংস্থার আয় বহির্ভূত অন্য কোন অর্থ ইত্যাদি) একত্রিত করে প্রকল্প গ্রহণ করা হলে অনুচ্ছেদ ১১.১ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে। প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি, আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় ইত্যাদি বিষয় প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিনিয়োগ প্রকল্পের জন্য প্রযোজ্য পদ্ধতি (অনুচ্ছেদ ৩, ৪, ৫, ১৮, ১৯ ইত্যাদি) অনুসরণ করতে হবে। |
| খ. ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ |
| • ৬.১ অর্থায়নের ধরন ও উৎস<br>• সংযুক্তি: পূর্বানুমতির বিষয়ে অর্থ বিভাগের চিঠি<br>• সংযুক্তি: অর্থ বিভাগের অনাপত্তিপত্র/ছাড়পত্র<br>• MAF এর কপি/পুনর্গঠিত MAF: অনুসরণ চেক ক-৪ |

**MAF এর ফলাফল (এই বাক্সের তথ্য MAF চেক সিট বা পুনর্গঠিত MAF থেকে পূরণ করতে হবে)**

| | |
|---|---|
| ক) বাস্তবায়নকারী সংস্থা কি একটি স্বায়ত্তশাসিত/আধা- স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন অথবা রাষ্ট্রায়ত্ত কোম্পানি? | |
| ☐ হ্যাঁ (➔ খ-১ এ যান, তারপর গ তে যান) | ☐ না (➔ ঙ তে যান) |
| খ-১) যদি স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানিগুলি প্রস্তাবিত প্রকল্পে তাদের উদ্বৃত্ত তহবিল বিনিয়োগ করে, সেক্ষেত্রে অর্থ বিভাগের অনাপত্তিপত্র/ছাড়পত্র নেওয়া হয়েছিল কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (➔ খ-২ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে (➔ ঙ তে যান) |
| খ-২) অর্থ বিভাগের অনাপত্তিপত্র/ছাড়পত্র গ্রহণের তারিখ | |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| গ) প্রস্তাবিত প্রকল্পের জন্য সরকারি অর্থায়ন প্রয়োজন আছে কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (➔ ঘ-১ এ যান) | ☐ না হলে (➔ ঙ তে যান) |
| ঘ-১) প্রস্তাবিত প্রকল্পের জন্য যদি GoB থেকে তহবিল প্রয়োজন হয়,, সেক্ষেত্রে বিনিয়োগ/পুনঃবিনিয়োগের ঋণ/অনুদান/ইক্যুইটির অনুপাত সম্পর্কে অর্থ বিভাগের পূর্বানুমতি নেওয়া হয়েছিল কি? | |
| ☐ হ্যাঁ হলে (➔ ঘ-২ এ যান) | ☐ না হলে, ডিপিপি সংস্থায় ফেরৎ পাঠাতে হবে (➔ ঙ তে যান) |
| ঘ-২) বিনিয়োগ/পুনঃবিনিয়োগের ঋণ/অনুদান/ইক্যুইটির অনুপাত সম্পর্কে অর্থ বিভাগের পূর্বানুমতি নেওয়ার তারিখ | |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| ঙ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| খ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

## ৫. [প্রযোজ্য ক্ষেত্রে]: জনবল নির্ধারণ কমিটি

| |
|---|
| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
| অনুচ্ছেদ ১.১.১৪- প্রকল্পের জনবল: প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে (Operational Phase) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। বিশেষ করে প্রকল্পের আউটপুট হিসেবে নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞ ও দক্ষ জনবলের রূপরেখা সম্পর্কে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। উক্ত পদ/জনবলের ধরন ও সংখ্যা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জনবল নির্ধারণ কমিটির (অর্থ বিভাগের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে গঠিত কমিটি) সুপারিশ গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে (ডিপিপি) যথাযথভাবে প্রতিফলন করতে হবে। তবে কোন প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে সরাসরি/আউটসোর্সিং/প্রেষণে জনবল নিয়োগের সংশ্লেষ না থাকলে অর্থাৎ জনবলের বেতন-ভাতাদি খাতে প্রকল্প হতে কোন ব্যয় নির্বাহের সংশ্লেষ না থাকলে অর্থ বিভাগে গঠিত জনবল নির্ধারণ কমিটির সুপারিশ প্রয়োজন হবে না।<br><br>অনুচ্ছেদ ৩.১.১(৫)- প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদ/জনবলের ধরন ও সংখ্যা জনবল নির্ধারণ কমিটি কর্তৃক সুপারিশকৃত হতে হবে এবং বিষয়টি প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় নিশ্চিত করতে হবে (বিস্তারিত অনুচ্ছেদ ১.১.১৪)। |
| খ. ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ |
| • ১১.১ প্রকল্পের প্রস্তাবিত ব্যবস্থাপনা কাঠামো<br>• সংযোজনী ২- প্রকল্পের ব্যবস্থাপনা কাঠামো<br>• সংযুক্তি: জনবল নির্ধারণ কমিটি সভার কার্যবিবরণী<br>• সংযুক্তি: জনবল নির্ধারণ কমিটি সভার কার্যপত্র/অবস্থান বিশ্লেষণ প্রতিবেদন (Situation Analysis) |

**MAF এর ফলাফল (এই বাক্সের তথ্য MAF চেক সিট বা পুনর্গঠিত MAF থেকে পূরণ করতে হবে)**

| | |
|---|---|
| ক) প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে জনবল নিয়োগের সংস্থান আছে কি? (☐ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (খ-১ এ যান) | ☐ না হলে, (গ তে যান) |
| খ-১) ডিপিপিটি কি জনবল নির্ধারণ কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তুত করা হয়েছে? (☑ বক্সটিতে টিক দিন) | |
| ☐ হ্যাঁ হলে (খ-২ এ যান) (সভার তারিখ উল্লেখ করুন) | ☐ না হলে, (জনবল নির্ধারণ কমিটি সভা আয়োজন করুন এবং/অথবা জনবল নির্ধারণ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি প্রস্তুত করুন) |
| কমিটির সিদ্ধান্ত গ্রহণের তারিখ: | |
| খ-২) যদি খ-১ এর উত্তর হ্যাঁ হয়ে থাকে, জনবল নির্ধারণ কমিটি সভার কার্যবিবরণী ও কার্যপত্র ডিপিপিতে সংযুক্ত করা হয়েছে কি? | |
| ☐ হ্যাঁ হলে (গ-তে যান এবং সংযুক্তি নম্বর উল্লেখ করুন) | ☐ না হলে, সভার কার্যবিবরণী ও কার্যপত্র সংযুক্ত করুন |
| তারিখ (দিন/মাস/বছর): | সংযুক্তি নং: |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি গ্রিনবুক ২০২২ এর প্রাসঙ্গিক অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| খ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

## খ-২ ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন, পরিবেশগত প্রভাব এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি সংক্রান্ত প্রাসঙ্গিক বিধি বিধানসমূহের অনুসরণ

**[নোট] SAF অংশ ৫ মূল্যায়নের সময় খ-২ অংশ পর্যালোচনা করা যাবে।**

### ১. ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন (প্রযোজ্য ক্ষেত্রে)

| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.৪- সাধারণভাবে উন্নয়ন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ পরিহার করতে হবে। জমি অধিগ্রহণ অনিবার্য হলে জমির পরিমাণ নির্ধারণে রক্ষণশীলতা অবলম্বনসহ কৃষি/আবাদি জমি অধিগ্রহণ নিরুৎসাহিত করতে হবে। ভূমি অধিগ্রহণের প্রয়োজন রয়েছে এ ধরনের প্রকল্প প্রস্তাব অধিগ্রহণযোগ্য ভূমির পরিমাণ, প্রাপ্যতা ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে সংগৃহীত তথ্য প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে। ভূমি অধিগ্রহণের সময় ভূমির পূর্বাবস্থা জানার জন্য প্রস্তাবিত ভূমির ছবি/ভিডিও প্রস্তাবনার পূর্বেই সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। |

- প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্থ জনগণের সংখ্যা কি পর্যাপ্ত, কম বা বেশী হিসাব করা হয়েছে?
- ক্ষতিগ্রস্থ জনগণের ভূমি অধিগ্রহণের প্রভাব কি পর্যাপ্ত, কম বা বেশী হিসাব করা হয়েছে?
- ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন সংক্রান্ত ব্যয়ের হিসাব কি পর্যাপ্ত, কম বা বেশী নির্ধারণ করা হয়েছে?

ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ

- ৯. প্রাক্কলিত ব্যয়ের সার-সংক্ষেপঃ অর্থনৈতিক কোড: ৪১৪১১০১
- ৩০./৩১. (বৈদেশিক অর্থায়ন জড়িত থাকলে): ক্ষতিপূরণ ও পুনর্বাসন
- সংযুক্তি: ভূমি অধিগ্রহণ ব্যবস্থাপনা পরিকল্পনা
- সংযুক্তি: পুনর্বাসন পরিকল্পনা
- সংযুক্তি: জেলা প্রশাসকের প্রত্যয়ন পত্র
- সংযুক্তি: MAF অনুসরণ খ-১ ও খ-২
- সংযুক্তি: MAF অংশ ৩- ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ ও পুনর্বাসনের সম্পৃক্ততা

[প্রযোজ্য ক্ষেত্রে]

- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৪-কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিশ্লেষণ (ক) অবস্থান; (খ) প্রাক্কলিত ব্যয়
- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫- পরিবেশগত স্থায়িত্বশীলতা, জলবায়ু সহিষ্ণুতা ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ।
- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫.১- পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ, চ) পুনর্বাসন

[নোট] প্রাসঙ্গিক বিধি/বিধান

- স্থাবর সম্পত্তি ও হুকুমদখল আইন ২০১৭
- স্থাবর সম্পত্তি ও হুকুমদখল ম্যানুয়েল ১৯৯৭
- পার্বত্য চট্টগ্রাম (ভূমি অধিগ্রহণ) প্রবিধান (সংশোধিত) আইন ২০১৯

| | |
|---|---|
| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি উপরিউক্ত বিধি-বিধান অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| খ) উপরিউক্ত প্রশ্নগুলোর আলোকে প্রকল্পটি ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন/প্রত্যাবাসন এর প্রেক্ষিতে যথাযথভাবে প্রণয়ন করা হয়েছে কি? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

## ২. পরিবেশগত বিবেচনা (প্রযোজ্য ক্ষেত্রে)

| |
|---|
| ক. গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
| অনুচ্ছেদ ১.১.৮- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা ১.১.৮.২ (ঘ) প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সম্ভাব্য ঝুঁকি (অর্থনৈতিক, কারিগরি, পরিবেশগত, জলবায়ু পরিবর্তনের প্রভাব, দুর্যোগ ইত্যাদি) চিহ্নিত করে তা থেকে উত্তরণের উপায়।<br>অনুচ্ছেদ ১.১.১১- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনসহ অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ: পরিবেশ, জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রতিবেশ (Ecology), প্রাকৃতিক দুর্যোগ, কর্মসংস্থান, পুষ্টি, মহিলা, শিশু, জেন্ডার ইস্যু, প্রতিবন্ধী, খাদ্য নিরাপত্তা, নিরাপদ খাদ্য, দারিদ্র্য হ্রাসের সংখ্যাতাত্ত্বিক পরিমাণ, প্রাতিষ্ঠানিকীকরণ, উৎপাদনশীলতা, ইতঃপূর্বে বাস্তবায়িত কিংবা বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্প এবং বিদ্যমান অবকাঠামোর ওপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব উল্লেখসহ কোন বিরূপ প্রভাব থাকলে তা প্রতিকারের উপায় সুনির্দিষ্টভাবে প্রকল্প দলিলে সন্নিবেশ করা। প্রকল্প প্রণয়নের সময় ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ইনফরমেশন প্লাটফরম (ডিআরআইপি) ব্যবহার করে ডিজাস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট (ডিআইএ) করতে হবে, যাতে প্রকল্প এলাকার দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি চিহ্নিতপূর্বক তা নিরসনের উপায় নির্ধারণ করা যায়।<br>অনুচ্ছেদ ২১.৩- 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫' এবং 'পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭'* অনুযায়ী লাল শ্রেণিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহ (বিশেষতঃ পানি, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ, শিল্প এবং যোগাযোগ ও পরিবহন খাতসমূহের বিনিয়োগ প্রকল্প) গ্রহণ/অনুমোদনের পূর্বে আবশ্যিকভাবে Initial Environmental Examination (IEE) ও Environmental Impact Assessment (EIA) এবং EIA সমীক্ষার পরামর্শ অনুযায়ী প্রকল্পের ডিজাইন পরিমার্জন করতে হবে। পরিবেশগত বিরূপ প্রভাব পরিহার/হ্রাসের লক্ষ্যে বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের জন্য EIA সমীক্ষা হতে প্রাপ্ত Environmental Management Plan প্রকল্প প্রস্তাবে সংযোজন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে Disaster Impact Assessment (DIA) সম্পাদন করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>অনুচ্ছেদ ৩.১.৩- পরিকল্পনা কমিশনে প্রকল্প প্রক্রিয়াকরণকালে প্রকল্পটির ওপর সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষা ও তার সুপারিশ, কারিগরি কমিটির সুপারিশ, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের যাচাই কমিটির সুপারিশ, পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে ওয়ারপো-এর ছাড়পত্র/অনাপত্তি, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রসহ প্রযোজ্য অন্যান্য ছাড়পত্র/অনাপত্তি, পর্যায়ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে পূর্বের প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন এবং অন্যান্য সমীক্ষা ও মূল্যায়ন প্রতিবেদনের মতামত/সুপারিশ (যথাপ্রযোজ্য) বিবেচনায় নিতে হবে। |

* গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ রহিত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ জারি করেছে।

| |
|---|
| - দুর্যোগের ঝুঁকি ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কি পর্যাপ্ত, কম বা বেশী হিসাব করা হয়েছে?<br>- দুর্যোগের ঝুঁকি ও জলবায়ু পরিবর্তন ব্যবস্থাপনার ব্যয় কি পর্যাপ্ত, কম বা বেশী হিসাব করা হয়েছে? |

| |
|---|
| ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ |
| • ২৫. প্রকল্পের উপর কোন বিষয়ের প্রভাব এবং কোন বিষয়ের উপর প্রকল্পের প্রভাব/ফলাফল:<br>• ২৫.২ টেকসই পরিবেশ সংক্রান্ত তথ্যাদি<br>• ২৬. ECA ১৯৯৫ (সংশোধিত ২০১০) অনুযায়ী পরিবেশেগত ছাড়পত্র নেয়া হয়েছে কিনা? (না হলে, ছাড়পত্র সংযুক্ত করুন অথবা কারণ উল্লেখ করুন)<br>• সংযুক্তি: Environment Clearance Certificate (ECC)<br>• সংযুক্তি: Environment Impact Assessment Report<br>• সংযুক্তি: Environment Management Plan<br>• সংযুক্তি: MAF অনুসরণ খ-১ ও খ-৩<br>• সংযুক্তি: MAF অংশ ৪- পরিবেশ সংক্রান্ত চাহিদা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুকি<br>[প্রযোজ্য ক্ষেত্রে]<br>• সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫- পরিবেশগত স্থায়িত্বশীলতা, জলবায়ু সহিষ্ণুতা ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ<br>• সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫.১- পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ |
| [নোট] প্রাসঙ্গিক বিধি/বিধান<br>- পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০)<br>- পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ |

| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি উপরিউক্ত বিধি-বিধান অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
|---|---|
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| খ) উপরিউক্ত প্রশ্নগুলোর আলোকে পরিবেশগত বিবেচনার নিরিখে প্রকল্প প্রণয়ন করা হয়েছে কি? | |
| ☐ হ্যাঁ | ☐ না (সংশোধন প্রয়োজন) |
| গ) মন্তব্য ও পরামর্শ | |
| | |

## ৩. [প্রযোজ্য ক্ষেত্রে] দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি

| গ্রিনবুক এ বর্ণিত পরীক্ষার বিষয়সমূহ |
|---|
| অনুচ্ছেদ ১.১.৮- প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা **১.১.৮.২** (ঘ) প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সম্ভাব্য ঝুঁকি (অর্থনৈতিক, কারিগরি, পরিবেশগত, জলবায়ু পরিবর্তনের প্রভাব, দুর্যোগ ইত্যাদি) চিহ্নিত করে তা থেকে উত্তরণের উপায়।<br><br>অনুচ্ছেদ ১.১.১১- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনসহ অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ: পরিবেশ, জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রতিবেশ (Ecology), প্রাকৃতিক দুর্যোগ, কর্মসংস্থান, পুষ্টি, মহিলা, শিশু, জেন্ডার ইস্যু, প্রতিবন্ধী, খাদ্য নিরাপত্তা, নিরাপদ খাদ্য, দারিদ্র্য হ্রাসের সংখ্যাতাত্ত্বিক পরিমাণ, প্রাতিষ্ঠানিকীকরণ, উৎপাদনশীলতা, ইতঃপূর্বে বাস্তবায়িত কিংবা বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্প এবং বিদ্যমান অবকাঠামোর ওপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব উল্লেখসহ কোন বিরূপ প্রভাব থাকলে তা প্রতিকারের উপায় সুনির্দিষ্টভাবে প্রকল্প দলিলে সন্নিবেশ করা। প্রকল্প প্রণয়নের সময় ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ইনফরমেশন প্লাটফরম (ডিআরআইপি) ব্যবহার করে ডিজাস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট (ডিআইএ) করতে হবে, যাতে প্রকল্প এলাকার দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি চিহ্নিতপূর্বক তা নিরসনের উপায় নির্ধারণ করা যায়।<br><br>অনুচ্ছেদ ১.১.১১ (ক)- বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে 'সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD)' বিষয়টি উন্নয়ন প্রকল্প প্রস্তাবের (DPP) ২৫.৩ অনুচ্ছেদে একটি উপ-অনুচ্ছেদ [২৫.৩ (ক)] হিসেবে সন্নিবেশ করতে হবে। এক্ষেত্রে সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন ধারণা অনুযায়ী সেক্টর ভিত্তিক বর্ণনা ও বিশ্লেষণ ডিপিপি-তে সংযুক্ত করতে হবে।<br><br>অনুচ্ছেদ ১.১৬- স্থাপনা নির্মাণ সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে কারিগরি পরীক্ষার (মৃত্তিকা পরীক্ষা, ডিআইএ ও অন্যান্য) প্রতিবেদন, ঘূর্ণিঝড়ের গতিবেগ, বন্যার সর্বোচ্চ উচ্চতা, সাইট নির্বাচনের যৌক্তিকতা সংক্রান্ত তথ্যাদি ডিপিপি/আরডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।<br><br>অনুচ্ছেদ ২১.৩- 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫' এবং 'পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭'* অনুযায়ী লাল শ্রেণিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহ (বিশেষতঃ পানি, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ, শিল্প এবং যোগাযোগ ও পরিবহন খাতসমূহের বিনিয়োগ প্রকল্প) গ্রহণ/অনুমোদনের পূর্বে আবশ্যিকভাবে Initial Environmental Examination (IEE) ও Environmental Impact Assessment (EIA) এবং EIA সমীক্ষার পরামর্শ অনুযায়ী প্রকল্পের ডিজাইন পরিমার্জন করতে হবে। পরিবেশগত বিরূপ প্রভাব পরিহার/হ্রাসের লক্ষ্যে বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের জন্য EIA সমীক্ষা হতে প্রাপ্ত Environmental Management Plan প্রকল্প প্রস্তাবে সংযোজন করতে হবে। প্রয়োজ্যে ক্ষেত্রে Disaster Impact Assessment (DIA) সম্পাদন করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>অনুচ্ছেদ ২১.৩ (ক)- বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ১.১.১১ (ক)- এ উল্লেখিত নির্দেশনা অনুযায়ী 'সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (GCRD)' বিষয়টি ডিপিপির ২৫.৩ অনুচ্ছেদের ২৫.৩(ক) উপ-অনুচ্ছেদে সংযুক্ত করতে হবে। |

* গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ রহিত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ জারি করেছে।

- দুর্যোগের ঝুঁকি ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কি পর্যাপ্ত, কম বা বেশী হিসাব করা হয়েছে?
- দুর্যোগের ঝুঁকি ও জলবায়ু পরিবর্তন ব্যবস্থাপনার ব্যয় কি পর্যাপ্ত, কম বা বেশী হিসাব করা হয়েছে?

ডিপিপির সংশ্লিষ্ট আইটেম/সংযুক্তিসমূহ

- ২৫. প্রকল্পের উপর কোন বিষয়ের প্রভাব এবং কোন বিষয়ের উপর প্রকল্পেরর প্রভাব/ফলাফলঃ
- ২৫.৩ দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন
- সংযুক্তি: জরুরী দুর্যোগ ব্যবস্থাপনার জন্য আকস্মিক পরিকল্পনা
- সংযুক্তি: Disaster Impact Assessment Report
- সংযুক্তি: MAF অনুসরণ খ-১ ও খ-৩
- সংযুক্তি: MAF অংশ ৪- পরিবেশ সংক্রান্ত চাহিদা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি

[প্রযোজ্য ক্ষেত্রে]

- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫- পরিবেশগত স্থায়িত্বশীলতা, জলবায়ু সহিষ্ণুতা ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ
- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫.১- পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ
- সম্ভাব্যতা সমীক্ষার অনুচ্ছেদ ৫.২- প্রকল্পটির দুর্যোগ সহিষ্ণুতা যাচাই

[নোট] প্রাসঙ্গিক বিধি/বিধান

- পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০)
- পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩

| ক) প্রস্তাবিত প্রকল্পটি কি DIA Guidelines অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে? | |
